# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 28 June, 2025

ইসরায়েলি আগ্রাসনে শহিদ ৬০ জনের বেশি ইরানি নাগরিকের জানাজা অনুষ্ঠিত হয়েছে তেহরানে। শনিবার (২৮ জুন) সকালে তেহরান বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই গণ-জানাজায় হাজার হাজার মানুষ অংশ নেন। উপস্থিত ছিলেন দেশটির নবনির্বাচিত রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ান-সহ শীর্ষ রাজনৈতিক ও সামরিক নেতারা।

নিহতদের মধ্যে রয়েছেন ইরানের সিনিয়র সামরিক কমান্ডার, পারমাণবিক বিজ্ঞানী, সাংবাদিক এবং নারী ও শিশুসহ সাধারণ নাগরিকরা।জানাজা শেষে শহিদদের কফিন, যেগুলো ইরানের জাতীয় পতাকায় মোড়ানো ছিল, তা বহন করে শোকাহত জনতা তেহরানের বিখ্যাত আজাদি স্কয়ারে (স্বাধীনতা স্কয়ার) পৌঁছান।গোটা রাজধানীজুড়ে নেমে আসে শোকের ছায়া।

ইরানি কর্তৃপক্ষের দাবি, ১৩ জুন থেকে ইসরায়েল দেশটির বিরুদ্ধে বিনা উসকানিতে একতরফা আগ্রাসন চালিয়ে আসছে।তারা ইরানের পারমাণবিক স্থাপনা, সামরিক ঘাঁটি, এবং বসতিপূর্ণ আবাসিক এলাকা লক্ষ্য করে বিমান হামলা চালায়।এতে এখন পর্যন্ত ৬০০-এরও বেশি মানুষ নিহত হয়েছেন, যার মধ্যে শীর্ষস্থানীয় সামরিক ও পারমাণবিক বিশেষজ্ঞরাও রয়েছেন।

হামলার পরপরই ইরান ইসলামিক রেভোলিউশনারি গার্ডস কর্পস (□□□□)-এর মাধ্যমে ‘অপারেশন ট্রু প্রমিজ ৩’ নামে প্রতিশোধমূলক সামরিক অভিযান শুরু করে।

এই অভিযানের অংশ হিসেবে ২২টি ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয় ইসরায়েলের বিভিন্ন

সামরিক ও কৌশলগত স্থাপনায়।

প্রতিশোধমূলক এই হামলায় ইসরায়েলের অধিকৃত ভূখণ্ডে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে।

চলমান উত্তেজনার মধ্যে, ২৪ জুন দুই দেশের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয়।তবে অঞ্চলজুড়ে উত্তেজনা এখনো বিরাজমান, এবং আন্তর্জাতিক পর্যবেক্ষকরা এই যুদ্ধবিরতির স্থায়ীত্ব নিয়ে সন্দিহান।

ইসরায়েল গণ-জানাজা তেহরান শহিদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:21

URL: https://www.timestodaybd.com/international/9498063846